তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)
এফ-৪/এ,আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং- ১৫.৫১.০০০০.৫০১.১৫.০০২.(৩-কমিটি).১৭-৫৭৮৬ তারিখ ঃ ১৩ এপ্রিল, ২০১৭ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য কমিশনের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদের বিপরীতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্র.নং | পদের নাম ও বেতন স্কেল জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা। | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রোগ্রামার<br>টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | ০১(এক)টি | ২৭-৩৫ বৎসর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী নির্ধারিত নিম্নলিখিত যোগ্যতাঃ<br>a) Master's degree in Physics/Applied Physics/Mathematics/ Statistics/ Commerce/ Economics/Sociology/ Business Administration or B.Sc. (Engineering).<br>b) Associate Membership of a recognized Professional Computer Society.<br>c) At least 4 years' experience as Assistant Programmer (2 years' in case of Master degree in Computer Science/ Engineering). | - |
| ০২ | সহকারী পরিচালক<br>টাকা ২২,০০০-৫৩০৬০/- | ০১(এক) টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত | ১৮ থেকে ৩০ বৎসর | ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী ২য় শ্রেনীর স্নাতক (সম্মান) ডিগ্রী। তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে। | - |
| ০৩ | ব্যক্তিগত কর্মকর্তা<br>টাকা ১৬,০০০-৩৮৬৪০/- | ০১(এক) টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত | ১৮ থেকে ৩০ বৎসর | ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী, তবে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া যাবে। | - |
| ০৪ | কম্পিউটার অপারেটর<br>টাকা ১১,০০০-২৬৫৯০/- | ০১(এক) টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত | ১৮ থেকে ৩০ বছর | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী নির্ধারিত নিম্নলিখিত যোগ্যতাঃ<br>a) Graduate, preferably Science, relaxable for departmental Data Entry/ Control Operators with at least 2 years experience.<br>b) Must qualify Operator's aptitude test. | ঢাকা, মানিকগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, গাইবান্ধা, পাবনা, বগুড়া, নওগাঁ, নোয়াখালী, কুমিল্লা, ভোলা, খুলনা, হবিগঞ্জ |
| ০৫ | উচ্চমান- সহকারী<br>টাকা ১০,২০০-২৪৬৮০/- | ০১(এক) টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত | ১৮ থেকে, ৩০ বৎসর | স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট প্রাপ্ত। | ঐ |
| ০৬ | পিএ কাম কম্পিউটার অপারেটর<br>টাকা ৯,৩০০-২২৪৯০/- | ০১(এক) টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত | ১৮ থেকে ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেটসহ বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দের গতি। | ঐ |
| ০৭ | সহকারী হিসাব রক্ষক<br>টাকা ১০,২০০-২৪৬৮০/- | ০১(এক) টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত | ১৮ থেকে ৩০ বৎসর | বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী এবং হিসাবরক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন। | ঐ |
| ০৮ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাকা ৯,৩০০-২২৪৯০/- | ০২(দুই)টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত | ১৮ থেকে ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেটসহ বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ১৫ ও ২০ শব্দের গতি। | ঐ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৯ | সহকারী বেঞ্চ সহকারী<br>টাকা ৯,৩০০-২২৪৯০/- | ০২(দুই) টি {মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ০১ (এক) টি এবং অপরটি সাধারণ কোটায়} | ১৮ থেকে ৩০ বৎসর | আইন বিষয়ে স্নাতক ডিগ্রী, তবে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হইবে। | ঐ |

শর্তাবলী ঃ-

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। আবেদনকারীকে তথ্য কমিশনের নির্ধারিত ফরম অনুযায়ী কম্পিউটারে কম্পোজ করে প্রার্থীর স্বাক্ষরসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদন ফরমের নমুনা তথ্য কমিশনের ওয়েব সাইট www.infocom.gov.bd এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd তে পাওয়া যাবে।

০৩। প্রার্থীর বয়স ১৮/০৫/২০১৭ তারিখে ১নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে সর্ব্বোর্চ ৩৫ বছর এবং ১নং ব্যতীত অন্যান্য ক্ষেত্রে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৪। আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ সচিব, তথ্য কমিশন এর অনুকূলে ক্রমিক ০১ থেকে ০৩ পর্যন্ত পদের প্রার্থীকে ৩০০/- টাকা মূল্যের এবং ক্রমিক ০৪ থেকে ০৯ পর্যন্ত পদের প্রার্থীকে ১০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬। প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক অব্যবহৃত ১০/-(দশ) টাকা মূল্যমানের ডাকটিকিটযুক্ত ৪.৫″/১০″ সাইজের ১টি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৭। খামের উপরে বাম পার্শ্বে প্রার্থীর পদের নাম, নিজ জেলার নাম এবং কোন কোটায় আবেদন করা হয়েছে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। প্রার্থীর কোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি ও একসেট অনুলিপি (১ম শ্রেণীর সরকারী গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারীর কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।

০৯। আগামী **১৮/০৫/২০১৭** খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত আবেদনপত্র প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা), এফ-৪/এ,আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১০। কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এ নিয়োগে বিধি মোতাবেক সকল কোটা পূরণ করা হবে।

১২। প্রার্থী প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার আবেদন/পরীক্ষা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ফলাফল তথ্য কমিশনের ওয়েব সাইট www.infocom.gov.bd তে প্রকাশ করা হবে।

১৪। প্রার্থীদেরকে নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১৫। কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ মুহিবুল হোসেইন)
পরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন
ও
সদস্য সচিব
নিয়োগ কমিটি